# বেসিক ব্যাংক লিমিটেড

সমৃদ্ধির পথে মানুষের সাথে

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক

বেসিক সুপার সঞ্চয়ী হিসাব

মুনাফার অতিরিক্ত বোনাস

## "বেসিক সুপার সঞ্চয়ী হিসাব"

একটি বিশেষ ধরণের সঞ্চয়ী হিসাব প্রাপ্তবয়স্ক বাংলাদেশি সুস্থ মস্তিস্কের যে কোন ব্যক্তি একক অথবা যৌথ নামে এই হিসাব খুলতে পারবে এবং অভিভাবক কর্তৃক পরিচালনায় নাবালকের নামেও এই হিসাব খোলা যাবে। এছাড়াও প্রতিষ্ঠান, সমিতি ইত্যাদি নামেও এ হিসাব খোলা যাবে। এই হিসাবে প্রচলিত সঞ্চয়ী মুনাফার অতিরিক্ত বোনাস সুবিধা রয়েছে।

## সাধারণ বৈশিষ্ট্য:

- বেসিক ব্যাংকের যে কোন শাখা ও উপশাখায় এই হিসাব খোলা যায়।
- হিসাব খোলার জন্য ন্যূনতম জমাকৃত অর্থের পরিমাণ ১,০০০/- (এক হাজার) টাকা।
- বার্ষিক ৩.৫০% হার ।
- মুনাফার অতিরিক্ত গড় স্থিতির উপর **বোনাস** হিসেবে ৫০০ টাকা থেকে ৫০০০ টাকা প্রাপ্য হবে।

## বিশেষ বৈশিষ্ট্য:

- স্থিতির ৮৫% পর্যন্ত ঋণ সুবিধা।
- ক্রেডিট কার্ড প্রাপ্তির সুবিধা।
- ক্রেডিট কার্ড এর ক্ষেত্রে ১ম বছরের চার্জ মওকুফ থাকবে।
- টাকা স্থানান্তরে অনলাইন/আরটিজিএস/বিইএফটিএন এর চার্জ **ফ্রি**।

## প্রয়োজনীয় তথ্য ও কাগজপত্র:

- অনলাইনে ফরম পূরণ করে e-KYC প্রক্রিয়ায় অথবা শাখা ও উপশাখায় উপস্থিত হয়ে হিসাব খোলার সুবিধা।
- হিসাবধারীর জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের কপি।
- হিসাবধারী নাবালক হলে অভিভাবকের (বাবা অথবা মা অথবা আইনগত অভিভাবক) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ/বৈধ পাসপোর্টের কপি। প্রত্যেকের সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি।
- নমিনির সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ১ কপি ছবি।

শুদ্ধাচার ও শিষ্টাচার
সভ্য জাতির অহংকার॥

জনগণের তথ্য পাওয়ার অধিকার
সরকারের অঙ্গীকার॥

তারিখঃ ০৯.০৩.২০২৩
সূত্রঃ ৫৩.০৯.০০০০.৮২২.১৬.০০০.২৩. ১৯১

**সহকারী মহাব্যবস্থাপক**
বেসিক ব্যাংক লিমিটেড
কেরানীগঞ্জ শাখা
ঢাকা

বিষয়ঃ **তথ্য অধিকার আইন-২০০৯ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণে স্টেক হোল্ডারদের নিয়ে আপনার শাখায় সভা আয়োজন প্রসঙ্গে-**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, গত ২৮ জুন, ২০২২ তারিখে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের মাননীয় সচিব মহোদয়ের সাথে বেসিক ব্যাংক লিমিটেড এর মাননীয় ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মহোদয়ের মধ্যে ২০২২-২৩ অর্থ বছরের নতুন বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে, যা ১ জুলাই, ২০২২ হতে কার্যকর।

প্রধান কার্যালয়ের অর্থ ও হিসাব বিভাগ এর পত্র সূত্রঃ নং ৫৩.০৯.০০০০.৮১৭.৯৯.৪৮২.২২.৪৮২ তারিখঃ ১৮.০৭.২০২২ মোতাবেক তথ্য অধিকার বিষয়ের উপর এপিএ-তে মোট ২৫ নম্বর এবং এপিএ-তে অয়েটেজ ৩ রাখা হয়েছে। সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনা সমূহের সার্বিক লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে তথ্য অধিকার বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিকরণে ব্যাংকের প্রধান কার্যালয় ও শাখা পর্যায়ে সভা, সেমিনার ও কর্মশালার আয়োজন করা বাধ্যতামূলক; যার প্রমাণক হিসাবে সভা, সেমিনার ও কর্মশালা সংক্রান্ত সভার কার্যবিবরণী ও কর্মশালা সংক্রান্ত ছবি মন্ত্রণালয়ে উপস্থাপন করতে হবে।

এমতাবস্থায়, তথ্য অধিকার আইন ও বিধিমালা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের অংশ হিসাবে আপনার শাখার কর্মকর্তা ও গ্রাহকের সাথে উপরোক্ত বিষয়ে আগামী ১৪.০৩.২০২৩ ইং তারিখে শাখার অভ্যন্তরে একটি সাধারণ সভা আয়োজন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে

আপনার বিশ্বস্ত,

**মোহাম্মদ জসিম উদ্দিন**
সহকারী মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান
তথ্য ব্যবস্থাপনা বিভাগ

তারিখঃ ১৫.০৩.২০২৩

**বেসিক ব্যাংক কেরানীগঞ্জ শাখায় তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ সভা**

বিগত ১৪.০৩.২০২৩ ইং তারিখে বেসিক ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়ের তথ্য ব্যবস্থাপনা বিভাগের উদ্যোগে ব্যাংকের কেরানীগঞ্জ শাখার কর্মকর্তা ও গ্রাহকের সাতে তথ্য অধিকার আইন-২০০৯ বিষয়ে আলোচনা করা হয়। উক্ত সভায় তথ্য অধিকার বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও সহকারী মহাব্যবস্থাপক, এমআইএসডি জনাব মোহাম্মদ জসিম উদ্দিন, কেরানীগঞ্জ শাখার শাখা ব্যবস্থাপক ও সহকারী মহাব্যবস্থাপক জনাব সহিদুল আলম মোহাম্মদ কবির উপস্থিত ছিলেন। উক্ত সভায় "তথ্য অধিকার আইন-২০০৯" এর আওতায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা করা হয়ঃ

০১.তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ ;
০২.ব্যাংকের তথ্য পাওয়ার আবেদন পদ্ধতি;
০৩.ব্যাংকের তথ্য প্রদান পদ্ধতি ;
০৪.নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি ;

**মোহাম্মদ জসিম উদ্দিন**
(তথ্য অধিকার বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা)
সহকারী মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান
এমআইএস বিভাগ

# বেসিক ব্যাংক লিমিটেড

**একটি রাষ্ট্র মালিকানাধীন তফসিলি ব্যাংক**

(বাংলাদেশ স্মল ইন্ডাস্ট্রিজ এন্ড কমার্স ব্যাংক লিমিটেড)


তারিখঃ ০৭.১১.২০২২

**তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ সভা**

বিগত ইংরেজী ৫.১১.২০২২ ইং তারিখে বেসিক ব্যাংক লিমিটেড এর উদ্যোগে বগুড়া জেলায় উত্তরবঙ্গের ব্যাংকের বিভিন্ন শাখার কর্মকর্তা ও গ্রাহকের সাতে ব্যবসায়িক অগ্রগতি ও তথ্য অধিকার আইন-২০০৯ বিষয়ে বিভিন্ন আলোচনা করা হয়। উক্ত সভায় ব্যাংকের মাননীয় ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মোঃ আনিসুর রহমান, উপব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আঃ রহিম, মহাব্যবস্থাপক জনাব আহাম্মাদ হোসেন, তৎকালীন মহাব্যবস্থাপক জনাব খান ইকবাল হাসান এবং আদায় বিভাগের উপ-মহাব্যবস্থাপক জনাব মোঃ ফিদা হাসান উপস্থিত ছিলেন। উক্ত সভায় অন্যান্য বিষয়ের পাশাপাশি "তথ্য অধিকার আইন-২০০৯" এর আওতায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা করেনঃ

০১. ব্যাংকের তথ্য প্রদান পদ্ধতি ;
০২. নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি ;
০৩. তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ ;
০৪. ব্যাংকের কর্মকর্তা কর্মচারীদের/ প্রশিক্ষণ ;

**সহিদুল আলম মোহাম্মদ কবির**
(তথ্য অধিকার বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা)
সহকারী মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান
এমআইএস বিভাগ